

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ মে'২০২৪খ্রিঃ

### চসিকে সংযুক্ত হল ৪০ ময়লার কন্টেনার

চট্টগ্রামের পরিচ্ছন্ন কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে চিটাগং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল) থেকে ৪০টি ময়লার কন্টেনার কিনেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। মঙ্গলবার দুপুরে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ের রাস্তার সম্মুখে (বিন্নাঘাস এলাকা) চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী'র কাছে কন্টেনারগুলো হস্তান্তর করেন সিডিডিএলের ব্যবস্থাপনা পরিচালক কমডোর মো. বেনজীর মাহমুদ। এছাড়া, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনের (বিআরটিসি) ব্যবস্থাপক মো. মফিজ উদ্দিন চসিকের ৪টি বর্জ্য অপসারণে ব্যবহৃত গাড়ি সংস্কার করে চসিক মেয়রের কাছে হস্তান্তর করেন। অনুষ্ঠানে মেয়র বলেন, নগরীকে পরিচ্ছন্ন রাখতে আমরা সক্ষমতা বৃদ্ধিতে মনোযোগ দিচ্ছি। এজন্য আমরা সরকারি প্রতিষ্ঠান সিডিডিএল থেকে উন্নতমানের ৪০টি উন্নতমানের কন্টেনার কিনেছি এবং বিআরটিসি থেকে পরিচ্ছন্ন কার্যক্রমে ব্যবহৃত গাড়ি সংস্কার করছি। এর ফলে পরিচ্ছন্ন কাজের মান বাড়বে, বাঁচবে চসিকের ব্যয়।

### চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ফুটপাথ দখল ও লাইসেন্স বিহীন ব্যবসা করায় ৫ ব্যক্তিকে ৩৬ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা আজ নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত করেন। অভিযানে নগরীর ডবলমুরিং থানাধীন শেখ মুজিব রোডের ফুটপাথ অবৈধভাবে দখল করে ব্যবসা প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য লোহার সিঁড়ি স্থাপন করে সর্বসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ভবন মালিককে ২০ হাজার এবং একই অভিযানে আত্মবাদ মোল্লাপাড়া এলাকায় ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করার দায়ে ৪ ব্যক্তিকে ১৬ হাজারসহ সর্বমোট ৩৬ হাজার টাকা জরিমানা আদায় করেন। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন। ছবির ক্যাপশন : প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন (খণ্ডটচঙ্গ) প্রকল্পের অবকাঠামো ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ তহবিল বিষয়ক কর্মশালা টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। উপস্থিত ছিলেন কাউন্সিলর

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮